



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
www.iau.edu.bd, kamilcenter.iau@gmail.com



বাড়ি নং # ১২৪/৯০/০৩, ব্লক # বি, সড়ক নং # ০৩ ওয়েস্ট ধানমন্ডি বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/কামিল কেন্দ্র/ওয়ার্কশপ-সেমিনার/২০২২/০০২

তারিখ: ২৯ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১৪ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

সেমিনার বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ও প্রাথমিক পাঠদানপ্রাপ্ত সকল ফাজিল স্নাতক (অনার্স) মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের উদ্যোগে আগামী ২১ মার্চ ২০২২খ্রিষ্টাব্দ, সোমবার, সকাল ১০.০০টায় 'মাদরাসায় শিক্ষার পরিবেশ' শীর্ষক সেমিনার ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উক্ত সেমিনারে কী-নোট স্পীকার হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন জনাব মোঃ নজরুল ইসলাম খান (এন আই খান), কিউরেটর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি যাদুঘর ও সাবেক শিক্ষাসচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ এর সভাপতিত্বে অনুষ্ঠিতব্য উক্ত সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত থাকবেন প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, প্রো-ভাইস চ্যান্সেলর ও জনাব এস এম এহসান কবীর, ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। সেমিনারে অংশগ্রহণকারী অধ্যক্ষবৃন্দ মাদরাসায় শিক্ষার কাজিত পরিবেশ সৃষ্টিতে নিজেদের সুচিন্তিত ও বাস্তবধর্মী মতামত ও প্রস্তাবনা উপস্থাপন করবেন।


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ও প্রাথমিক পাঠদানপ্রাপ্ত সকল ফাজিল স্নাতক (অনার্স) মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষবৃন্দকে (প্রতিনিধি নয়) সেমিনারে আবশ্যিকভাবে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ- সেমিনারে অংশগ্রহণকারী অধ্যক্ষবৃন্দকে 'মাদরাসায় শিক্ষার পরিবেশ' বিষয়ে সংক্ষিপ্ত মতামত/প্রস্তাবনা লিখিত আকারে আগামী ১৯ মার্চ ২০২২ এর মধ্যে নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সেমিনারে উপস্থাপিত প্রবন্ধ, আলোচনা, প্রস্তাবনা ও সুপারিশসমূহ পরবর্তীতে সেমিনার সংকলনে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, পর্যায়ক্রমে অবশিষ্ট মাদরাসার অধ্যক্ষবৃন্দ ও সকল শিক্ষক-শিক্ষয়িত্রীকে বিশ্ববিদ্যালয়ের পরবর্তী সেমিনার/ওয়ার্কশপ/ট্রেনিংয়ে আমন্ত্রণ জানানো হবে এবং তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা হবে।

ই-মেইল: kamilcenter.iau@gmail.com

শুভেচ্ছান্তে


28.03.2022

প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ

প্রো-ভাইস চ্যান্সেলর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

ও

আহবায়ক, ওয়ার্কশপ এবং সেমিনার কমিটি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

iauprovc@gmail.com